

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৬]

- ৩. কিতাবুল ইলম (کتاب العلم)
- পরিচ্ছেদঃ কত বছর বয়সে শিশুরা হাদীছ শ্রবণ করে মুখস্থ রাখতে পারে?

باب مَتَى يَصِحُّ سَمَاعُ الصَّغِيرِ

আরবী

اللَّهِ يُصَلِّي بِمِنَّى إِلَى غَيْرِ جِدَارٍ، فَمَرَرْتُ بَيْنَ يَدَيْ بَعْضِ الصَّفِّ، وَأَرْسَلْتُ الأَتَانَ تَرْتَعُ، وَأَنْ المَصَّفِّ، وَأَرْسَلْتُ الأَتَانَ تَرْتَعُ، فَدَخَلْتُ فِي الصَّفِّ، وَأَرْسَلْتُ الأَتَانَ تَرْتَعُ، فَدَخَلْتُ فِي الصَّفِّ، فَلَمْ يُنْكَرْ ذَلِكَ عَلَيَّ.

বাংলা

৬৮) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি একদিন গাধীর উপর আরোহন করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট আগমণ করলাম। আমি তখন প্রাপ্ত বয়স্ক হওয়ার কাছাকাছি পৌঁছে গিয়েছিলাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন মিনায় কোন দেয়াল সামনে না রেখেই নামায পড়ছিলেন। আমি কোন একটি কাতারের সামনে দিয়ে অতিক্রম করলাম এবং গাধিটিকে মাঠে ছেড়ে দিয়ে কাতারে শামিল হলাম। আমার এই কাজের প্রতিবাদ করা হয়নি।

টিকাঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বা অন্য কোন সাহাবী তার প্রতিবাদ করেননি। তাতে বুঝা যাচ্ছে যে, ইমামের পিছনের কাতারের বা তার পরের কাতারগুলোর সামনে দিয়ে অতিক্রম করা জায়েয আছে। ইমামের সামনে দিয়ে অথবা একাকী নামায আদায়রত ব্যক্তির সামনে দিয়ে যাতায়াত করা নিষেধ। এ ক্ষেত্রে সুতরার সামনে দিয়ে যাতায়াত করতে হবে। নামাযী ও সুতরার মাঝখান দিয়ে নয়। সুতরা না থাকলে মুসল্লির পা থেকে তিন হাতের বেশী ব্যবধানে গমণ করা মার্জনীয়। তিন হাত হয় সিজদার স্থান থেকে এক বিঘত বেশী পরিমানে।

English

At what age may a youth be listened to (i.e. quotation of the Hadith from a boy be acceptable)

Narrated Ibn `Abbas:

Once I came riding a she-ass and had (just) attained the age of puberty.

Allah's Messenger () was offering the prayer at Mina. There was no wall in



front of him and I passed in front of some of the row while they were offering their prayers. There I let the she-ass loose to graze and entered the row, and nobody objected to it.

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৭৬

ইসলামিক সেন্টারঃ ৭৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন